



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং বশিবো/পনি/এসএসসি/২০১৯/১৮২৫

তারিখঃ ১৯ পৌষ, ১৪২৫ বঙ্গাব্দ

০২ জানুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ

এসএসসি পরীক্ষা-২০১৯

কেন্দ্র কমিটি গঠন সংক্রান্ত বিজ্ঞপ্তি

বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের এসএসসি পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের জন্য অনুমোদিত প্রত্যেক কেন্দ্রে কেন্দ্র কমিটি নামে ০৫(পাঁচ) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করে আগামী ২৩/০১/২০১৯ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

১। 'কেন্দ্র কমিটি' নিম্নরূপে গঠন করতে হবে

ক) চেয়ারম্যান : জেলা সদরের জন্য জেলা প্রশাসক, উপজেলা ও অন্যান্য স্থানের কেন্দ্রের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা।

২। সদস্যবৃন্দ :

ক) জেলা শিক্ষা অফিসার (জেলা সদরের জন্য)/ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (উপজেলার ক্ষেত্রে)/ থানা শিক্ষা কর্মকর্তা (মহানগরীর ক্ষেত্রে)।

খ) সরকারি বিদ্যালয়ের প্রধান শিক্ষক ০১ (এক) জন এবং বেসরকারি বিদ্যালয়ের প্রধান শিক্ষক ০১ (এক) জন (সরকারি বিদ্যালয় না থাকলে বেসরকারি বিদ্যালয়ের ০২ জন) সদস্য হতে পারবেন।

গ) কেন্দ্রসচিব কেন্দ্র কমিটির সদস্য সচিব হবেন।


৩। কেন্দ্রসচিব :

কেন্দ্র প্রতিষ্ঠানের প্রধান কেন্দ্রসচিব হবেন। প্রয়োজনে প্রথম শ্রেণীর একজন কর্মকর্তা/ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষক/কেন্দ্রাধীন স্কুলের দক্ষ, অভিজ্ঞ প্রধান শিক্ষক কেন্দ্রসচিব হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন। তবে দায়িত্বপ্রাপ্ত শিক্ষক/কর্মকর্তার ছেলে/মেয়ে বাংলাদেশের কোনো কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করলে তিনি কেন্দ্রসচিব হতে পারবেন না।

৪। কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা :

কেন্দ্র কমিটির চেয়ারম্যান কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা হবেন। যদি কোনো অনিবার্য কারণে চেয়ারম্যান ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে কর্তব্য পালনে অপারগ হন তাহলে তিনি একজন প্রথম শ্রেণীর দায়িত্বশীল সরকারি কর্মকর্তাকে অতিরিক্ত ভারপ্রাপ্ত কর্মকর্তা নিযুক্ত করবেন। এরূপ নিযুক্তির ক্ষেত্রে লক্ষ রাখতে হবে যে, কোনো বিভাগের কোনো উচ্চপদস্থ কর্মকর্তা যেন কোনো নিম্ন পদস্থ কর্মকর্তার অধীনস্থ না হন।

সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণ নিশ্চিত করাই হবে কেন্দ্র কমিটির মূল দায়িত্ব।



প্রফেসর মো: আনোয়ারুল আজিম-৯৭৭২

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল

ফোন : ০৪৩১-৬৪০৮৫

ই-মেইলঃ barisalboard@gmail.com